

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে অ্যাকাডেমিক মানোন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে দিনব্যাপী ‘Training on Enhancing Academic and Examination Credentials of Noakhali Science and Technology University’ শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২০ মে ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) আয়োজিত প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলামের সঞ্চালনায় প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা, অধ্যাপক ড. আসাদুন নবী, অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, অধ্যাপক ড. ফিরোজ আহমেদ ও জনাব মো. ইফতেখার আলম ইফাত।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, বৈশ্বিকভাবেই বিশ্ববিদ্যালয়গুলোর অ্যাকাডেমিক কার্যক্রম পরিচালনায় ডিজিটালাইজেশন তথা তথ্য-প্রযুক্তিভিত্তিক নানা পদ্ধতির প্রচলন ও প্রয়োগ হচ্ছে। এসব হালনাগাদ প্রযুক্তি ও পদ্ধতির সঙ্গে তাল মিলিয়ে আমাদেরও শিক্ষাক্রম, পাঠ্যক্রম ও পাঠদান পদ্ধতি আপগ্রেড করতে হবে। এর মাধ্যমে শিক্ষার্থীরা বৈশ্বিক কর্মবাজারের জন্য উপযোগী হয়ে গড়ে ওঠবে। বিশ্ববিদ্যালয়, সমাজ ও রাষ্ট্র এগিয়ে যাবে। উচ্চশিক্ষা কার্যক্রমের মান উন্নয়নের বিষয়টি বিবেচনায় নিয়ে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে আজকের এ কর্মশালার আয়োজন করা হয়েছে। আশা করছি, আইকিউএসির এ উদ্যোগ শিক্ষকদের পেশাগত মান উন্নয়নে ভূমিকা রাখবে। আয়োজক, অংশগ্রহণকারী ও প্রশিক্ষকদের ধন্যবাদ জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, শিক্ষা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে বিভিন্ন ধরনের প্রযুক্তিগত মনিটরিং সিস্টেম গড়ে উঠেছে। নোবিপ্রবিতে এমন কিছু পদ্ধতি চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। মানসম্মত উচ্চশিক্ষা ও গবেষণা নিশ্চিত করতে প্রযুক্তিগত সব সুবিধার সর্বোচ্চ ব্যবহার করতে হবে। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, মানসম্মত পাঠদান ও মূল্যায়ন নিশ্চিতের ক্ষেত্রে শিক্ষকদের নিয়মানুবর্তিতা ও সময়ানুবর্তিতা অনুসরণ খুবই জরুরি। শিক্ষকদের প্রতি আস্থান থাকবে, এ বিষয়টি সচেতনতা ও গুরুত্বের সঙ্গে দেখবেন। পাঠদান ও মূল্যায়ন যত্নের সঙ্গে করলে শিক্ষার্থীরা উপকৃত হবে। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

*R. Kader*

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার